

এজেন্ট ব্যাংকিং কার্যক্রমের ত্রৈমাসিক অগ্রগতি প্রতিবেদন
(ডিসেম্বর ২০১৬ ভিত্তিক)


বাংলাদেশ ব্যাংকের চলমান আর্থিক অন্তর্ভুক্তি (Financial Inclusion) কার্যক্রমের আওতায় ব্যাংকিং সেবাকে ব্যয় সাশ্রয়ীভাবে জনসাধারণের দোরগোড়ায় বিশেষভাবে গ্রামীণ অঞ্চল কিংবা লাভজনকভাবে যেখানে প্রচলিত ব্যাংকিং সেবা নিয়ে যাওয়া সম্ভবপর নয় সেসব অঞ্চল এবং ভৌগোলিকভাবে বিচ্ছিন্ন চরাঞ্চলসহ বাংলাদেশের প্রত্যন্ত এলাকার সুবিধাবঞ্চিত জনগোষ্ঠীর জন্য মৌলিক সেবা প্রদানের নিমিত্তে বাংলাদেশ ব্যাংকের উদ্যোগে বাণিজ্যিক ব্যাংকগুলোর সহায়তায় এজেন্ট ব্যাংকিং কার্যক্রম শুরু করা হয়েছে। এজেন্ট ব্যাংকিং কার্যক্রম সম্প্রসারণ এবং এর নিরাপত্তা ও স্বচ্ছতা নিশ্চিত করার লক্ষ্যে বিভিন্ন সময় বাংলাদেশ ব্যাংক গাইডলাইন প্রণয়ন করেছে।

ব্যাংকগুলো কর্তৃক বাংলাদেশ ব্যাংকে প্রেরিত এজেন্ট ব্যাংকিং কার্যক্রমের বিবরণীতে অভিন্নতা বজায় রাখা, আর্থিক অন্তর্ভুক্তির সামগ্রিক চিত্র পর্যালোচনা করা এবং নির্ভুল তথ্য প্রাপ্তি নিশ্চিত করার লক্ষ্যে ১৭ জানুয়ারি ২০১৭ তারিখে বিভাগ হতে ইস্যুকৃত পত্রের সাথে সংযোজিত ফরমে ত্রৈমাসিক ভিত্তিতে অত্র বিভাগে প্রতিবেদন প্রেরণের জন্য ব্যাংকগুলোকে নির্দেশনা প্রদান করা হয়। তদ্ব্যতিরিক্তে ব্যাংকসমূহ কর্তৃক প্রেরিত তথ্যের আলোকে এজেন্ট ব্যাংকিং কার্যক্রমের হালনাগাদ তথ্য পর্যায়ক্রমে নিম্নে তুলে ধরা হলো:-


এজেন্ট ব্যাংকিং বাস্তবায়নে নিয়োজিত ব্যাংকসমূহ:

ব্যাংকের নাম	এজেন্ট সংখ্যা	আউটলেট সংখ্যা	হিসাব সংখ্যা (পুরুষ)	হিসাব সংখ্যা (মহিলা)	মোট হিসাব সংখ্যা	ইনওয়ার্ড রেমিট্যান্স লক্ষ টাকায়	মোট স্থিতি (লক্ষ টাকায়)
ডাচ বাংলা ব্যাংক লি.	৩৯২	১০৮১	২৮৪৩৯৪	৮৩২৩২	৩৬৭৬২৬	৪২৩৩	১৮৬৩১
ব্যাংক এশিয়া লি.	১১১০	১১৫০	৭০৮৫৭	৫৯১৯০	১৩০০৪৭	২০৪৫১	১০৫৫৭
আল-আরাফাহ ইসলামী ব্যাংক লি.	৪৬	৬৫	২০৩৫৫	১০২০৯	৩০৫৬৪	৫৮৯১	৮০২৪
সোস্যাল ইসলামী ব্যাংক লি.	১	৬০	২৬৩৭	২৬৭১	৫৩০৮	৮	৬০
মধুমতি ব্যাংক লি.	৭০	৭০	৭৯৬	২৮০	১০৭৬	১১	৪৭
মিউচুয়াল ট্রাস্ট ব্যাংক লি.	৯	১০	১৫৯৩	৯১২	২৫০৫	১২৪	৩৪৫
এনআরবি কমার্শিয়াল ব্যাংক লি.	৩	১২১	১৮৮৫	১৩৯৫	৩২৮০	২	৩৫
স্ট্যান্ডার্ড ব্যাংক লি.	৭	৭	১১০৬	৫৩৫	১৬৪১	১৫৮	২২৯
অগ্রণী ব্যাংক লি.	১	৩০	১৩১৯	৫৩৭	১৮৫৬	৭৮	৪০
ফার্স্ট সিকিউরিটি ইসলামী ব্যাংক লি.	৭	৭	৪৪৫	১৮৮	৬৩৩	-	১০০
মোট	১৬৪৬	২৬০১	৩৮৫৩৮৭	১৫৯১৪৯	৫৪৪৫৩৬	৩০৯৫৬	৩৮০৬৮

গ্রাহকের ব্যাংক হিসাব: আউটলেটের মাধ্যমে বিভিন্ন ব্যাংকের মোট হিসাব খোলা হয়েছে ৫৪৪৫৩৬ টি। তন্মধ্যে পুরুষ গ্রাহক ৩৮৫৩৮৭ জন এবং মহিলা গ্রাহক ১৫৯১৪৯ জন। ডাচ বাংলা ব্যাংক লি. মোট হিসাবের ৬৮% হিসাব খোলে শীর্ষে অবস্থান করছে। ২য় এবং ৩য় অবস্থানে রয়েছে যথাক্রমে ব্যাংক এশিয়া লি. (২৪%) ও আল-আরাফাহ ইসলামী ব্যাংক লি. (৬%)।




এজেন্ট আউটলেট: এজেন্ট ব্যাংকিং কার্যক্রম পরিচালনার জন্য এজেন্ট আউটলেটের সংখ্যা হিসেবে ব্যাংক এশিয়া লি. ৪৪% আউটলেট পরিচালনা করে শীর্ষে অবস্থান করছে। এজেন্ট আউটলেট সংখ্যায় ২য় এবং ৩য় অবস্থানে রয়েছে যথাক্রমে ডাচ বাংলা ব্যাংক লি.(৪২%) এবং এনআরবি কমার্শিয়াল ব্যাংক লি. (৫%) ।



এজেন্ট ব্যাংকিং এ গ্রাহকের হিসাবের মোট স্থিতি:

এজেন্ট আউটলেটে গ্রাহকের বিভিন্ন হিসাবে মোট স্থিতির পরিমাণ ৩৮০.৬৮ কোটি টাকা। তন্মধ্যে ডাচ বাংলা ব্যাংক লিমিটেড স্থিতির ভিত্তিতে শীর্ষে (প্রায় ১৮৬.৩১ কোটি টাকা যা মোট স্থিতির ৪৯%)। গ্রাহক হিসাবে স্থিতির পরিমাণে ২য় অবস্থানে রয়েছে ব্যাংক এশিয়া লিমিটেড, ব্যাংকটির গ্রাহক হিসাবে মোট স্থিতির পরিমাণ ১০৫.৫৭ কোটি টাকা। গ্রাহক হিসাবে মোট স্থিতির পরিমাণ ৮০.২৪ কোটি টাকা নিয়ে ৩য় অবস্থানে রয়েছে আল-আরাফাহ ইসলামী ব্যাংক লিমিটেড।



ব্যাংকের আউটলেটের মাধ্যমে ইনওয়ার্ড রেমিট্যান্সের পরিমাণ :

এজেন্ট ব্যাংকিং আউটলেটের মাধ্যমে বিদেশ হতে প্রেরিত মোট ৩০৯.৫৬ কোটি টাকা রেমিট্যান্স প্রদান করা হয়েছে। তন্মধ্যে ব্যাংক এশিয়া লি. কর্তৃক ৬৬% রেমিট্যান্স প্রদান করে শীর্ষে অবস্থান করছে। ২য় এবং ৩য় অবস্থানে রয়েছে যথাক্রমে আল-আরাফাহ ইসলামী ব্যাংক লি. ১৯% এবং ডাচ বাংলা ব্যাংক লি. ১৪%। ফাস্ট সিকিউরিটি ইসলামী ব্যাংক লি. হতে কোনো ইনওয়ার্ড রেমিট্যান্স প্রদান করা হয়নি।

